

# বছরের শ্রেষ্ঠ ১০ দিন

(যিলহাজ্জের ১ম ১০ দিন)

কুরআন শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্র

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

الْسَّلَامُ عَلَيْكُمْ وَرَحْمَةُ اللَّهِ وَبَرَكَاتُهُ،

আসসালামু 'আলাইকুম ওয়ারহমাতুল্লাহি ওয়া বারকাতুহু

- إِنَّ الْحَمْدَ لِلَّهِ نَحْمَدُهُ وَنُسْتَغِيثُهُ وَنَسْتَغْفِرُهُ وَنَتُوبُ إِلَيْهِ  
وَنُؤْمِنُ بِهِ، وَنَتَوَكَّلُ عَلَيْهِ •
- وَنَعُوذُ بِاللَّهِ مِنْ شُرُورِ أَنْفُسِنَا وَمِنْ سَيِّئَاتِ أَعْمَالِنَا •
- مَنْ يَهْدِهِ اللَّهُ فَلَا مُضِلَّ لَهُ •
- وَمَنْ يَضِلَّهُ فَلَا هَادِيَ لَهُ •
- وَأَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ •
- وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ •

মুহাম্মাদ তানভীর হোসেন

০১৭১১ ৫২২ ৫১০

[tanveer.bd@icloud.com](mailto:tanveer.bd@icloud.com)





মুহাম্মাদ তানভীর হোসেন

০১৭১১ ৫২২ ৫১০

[tanveer.bd@icloud.com](mailto:tanveer.bd@icloud.com)

اللَّهُمَّ صَلِّ عَلَى مُحَمَّدٍ  
وَعَلَى آلِ مُحَمَّدٍ كَمَا صَلَّيْتَ  
عَلَى إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ  
إِنَّكَ حَمِيدٌ مُجِيدٌ  
اللَّهُمَّ بَارِكْ عَلَى مُحَمَّدٍ وَعَلَى  
آلِ مُحَمَّدٍ كَمَا بَارَكْتَ عَلَى  
إِبْرَاهِيمَ وَعَلَى آلِ إِبْرَاهِيمَ  
إِنَّكَ حَمِيدٌ مُجِيدٌ



মুহাম্মাদ তানভীর হোসেন

০১৭১১ ৫২২ ৫১০

[tanveer.bd@icloud.com](mailto:tanveer.bd@icloud.com)

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য ।

আমরা তাঁর প্রশংসা করি,

তাঁর কাছে সাহায্য চাই,

আমরা তাঁর কাছে ক্ষমা প্রার্থনা করি,

আমরা তাঁর উপর দৃঢ় বিশ্বাস রাখি,

আমরা তাঁর উপর ভরসা করি ।

আমরা আশ্রয় চাই আল্লাহর কাছে-

আমাদের নফসের ক্ষয়-ক্ষতি থেকে,

আমাদের কর্মকাণ্ডের ভুলভ্রান্তি থেকে ।

আল্লাহ যাকে পথ দেখান,

তাকে কেহ পথভ্রষ্ট করতে পারে না,

আল্লাহ যাকে পথভ্রষ্ট করেন,

তাকে কেহ পথ দেখাতে পারে না ।



মুহাম্মাদ তানভীর হোসেন

০১৭১১ ৫২২ ৫১০

[tanveer.bd@icloud.com](mailto:tanveer.bd@icloud.com)

আমি সাক্ষ্য দিচ্ছি  
আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই,  
আল্লাহ এক ও অদ্বিতীয়,  
এবং আল্লাহর কোন শরীক নেই।  
যিনি অনুগ্রহ, মহত্ত্ব, মহাসম্মানের অধিকারী।

আমি আরো সাক্ষ্য দিচ্ছি  
মুহাম্মাদ সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম  
আল্লাহর বান্দাহ ও রসূল।

যিনি মানব ও জ্বীন জাতির জন্য সর্বোত্তম আদর্শ  
এবং সকল কর্মপালনে সর্বোত্তম ব্যক্তিত্ব।



মুহাম্মাদ তানভীর হোসেন

০১৭১১ ৫২২ ৫১০

[tanveer.bd@icloud.com](mailto:tanveer.bd@icloud.com)

হে আল্লাহ! আপনি অনুগ্রহ করুন মুহাম্মাদ (সল্লাল্লাহু  
'আলাইহি ওয়া সাল্লাম) এর উপর এবং  
মুহাম্মাদ (স.) এর বংশধর/অনুসারীদের উপর,  
যেমনভাবে আপনি অনুগ্রহ করেছেন ইব্রাহীম (আঃ)  
এর উপর এবং ইব্রাহীম (আঃ) এর  
বংশধর/অনুসারীদের উপর। নিশ্চয়ই আপনি  
প্রশংসিত, সম্মানিত।

হে আল্লাহ! আপনি বরকত দিন মুহাম্মাদ (সল্লাল্লাহু  
'আলাইহি ওয়া সাল্লাম) এর উপর এবং  
মুহাম্মাদ (স.) এর বংশধর/অনুসারীদের উপর।  
যেমনভাবে আপনি বরকত দিয়েছেন ইব্রাহীম (আঃ)  
এর উপর এবং ইব্রাহীম (আঃ) এর  
বংশধর/অনুসারীদের উপর। নিশ্চয়ই আপনি  
প্রশংসিত, সম্মানিত।



10  
DAYS  
OF  
ZIL  
HAJJ

যিলহাজ্জ মাসের  
১ম দশ দিন

গুরুত্ব ও তাৎপর্য

এবং

একজন মুসলিমের করণীয়



বছরের শ্রেষ্ঠ ১০ দিন

*The **10**  
Days of Dhul Hijja*

ذو الحجة

**BEST 10  
DAYS  
OF THE YEAR**

# দিন ও মাস সম্পর্কে কুরআনুল কারীমঃ

“নিশ্চয়ই আকাশ মন্ডলী ও পৃথিবী সৃষ্টির দিন  
হইতেই আল্লাহর বিধানে আল্লাহর নিকট মাস  
গননায় মাস বারটি;

তন্মধ্যে চারটি হারাম (সম্মানিত/পবিত্র)  
মাস, ইহাই সুপ্রতিষ্ঠিত বিধান;

সুতরাং ইহার মধ্যে তোমরা নিজেদের প্রতি  
**জুলুম (অত্যাচার, অন্যায়)** করিও না

এবং তোমরা মুশরিকদের সাথে সমবেত  
ভাবে যুদ্ধ করিবে, যেমন তাহারা তোমাদের  
বিরুদ্ধে সমবেত ভাবে যুদ্ধ করিয়া থাকে এবং

জানিয়া রাখো আল্লাহ তো **মুত্তাকীদের**  
সঙ্গে আছেন।”

أَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

إِنَّ عِدَّةَ الشُّهُورِ عِنْدَ اللَّهِ اثْنَا عَشَرَ شَهْرًا  
فِي كِتَابِ اللَّهِ يَوْمَ خَلَقَ السَّمَوَاتِ وَالْأَرْضَ  
مِنْهَا أَرْبَعَةٌ حُرُمٌ ذَلِكَ الدِّينُ الْقَيِّمُ هـ  
فَلَا تَظْلِمُوا فِيهِنَّ أَنْفُسَكُمْ وَقَاتِلُوا الْمُشْرِكِينَ  
كَافَّةً كَمَا يَقَاتِلُوكُمْ كَافَّةً وَعَلِمُوا أَنَّ اللَّهَ  
مَعَ الْمُتَّقِينَ ﴿٢٦﴾

(সূরা তাওবা ৯ঃ ৩৬)




# চারটি হারাম (সম্মানিত/পবিত্র) মাস সম্পর্কে হাদীস

আবু বাকরা (রদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিতঃ  
রসূল (সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম)  
বলেছেন,

“বছর হলো বারটি মাসের সমষ্টি,  
তার মধ্যে চারটি অতি সম্মানিত।  
তিনটি পরপর লাগোয়া, যিলক্বদ,  
যিলহাজ্জ ও মুহাররম, আর চতুর্থটি  
হলো (জুমাদিউস সানি ও শাবান এর  
মধ্যবর্তী) রজব”।

(বুখারীঃ ভলি-৪, বই-৫৪, হাদীস-৪১৯ )



# যিলহাজ্জ মাস এর গুরুত্ব

- ✧ যিলহাজ্জ, ৪টি হারাম (সম্মানিত) মাসের অন্যতম মাস
  - ✧ যিলহাজ্জ, পবিত্র হাজ্জ পালনের অন্যতম মাস
  - ✧ যিলহাজ্জ, আরাফা-মুযদালিফা-মিনায় অবস্থানের মাস
    - ✧ কুরবানী করার মাস
- ✧ মৌলিক ইবাদত সমূহের সমাবেশ (সলাত, সিয়াম, সাদাকা, হাজ্জ)
  - ✧ যিলহাজ্জ, তাসবীহ-তাহমিদ-তাহলীল-তাকবীর এর মাস
  - ✧ ইসলামকে দীন হিসেবে প্রতিষ্ঠিত করার মাস, যিলহাজ্জ

# যিলহাজ্জ মাসের প্রথম ১০ দিনের গুরুত্ব

ইবনে আব্বাস (রদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, রসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, 'আল্লাহর নিকট **জিলহাজ্জ মাসের প্রথম ১০ দিনের আমলের (পুণ্যকাজ)** চেয়ে অন্য কোন দিনের আমলই উত্তম নয়'।

সাহাবারা জিজ্ঞেস করলেন, হে আল্লাহর রসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম, আল্লাহর রাস্তায় জিহাদও না?

রসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম বললেন, 'আল্লাহর রাস্তায় জিহাদও না-

তবে ঐ ব্যক্তি ছাড়া, 'যে তার সর্বস্ব নিয়ে জিহাদে অংশ গ্রহন করল এবং কিছুই নিয়ে ফিরে আসল না'।

(বুখারীঃ ৯৬৯, তিরমিযীঃ ৭৫৭, আবু দাউদঃ ২৪৪০)



# পুণ্যবান এবং পুণ্যকাজ সম্পর্কে আল্লাহ তা'য়ালা বলেন

“পূর্ব ও পশ্চিম দিকে তোমাদের মুখ ফিরানোতে  
কোন পুণ্য নেই, বরং পুণ্য আছে তার; যে  
আল্লাহ, পরকাল, ফেরেশ্তাগন, কিতাবসমূহ,  
নবীগনের প্রতি বিশ্বাস স্থাপন করে;

আর আল্লাহর ভালবাসায় আত্মীয়-স্বজন,  
পিতৃহীনগন, অভাবগ্রস্তগন, মুসাফিরগন, সাহায্য  
প্রার্থীকে ও দাসত্ব মোচনের জন্য অর্থ প্রদান  
করে; আর সলাত প্রতিষ্ঠিত করে ও যাকাত  
প্রদান করে এবং অঙ্গীকার করলে যারা সেই  
অঙ্গীকার পূর্ণ করে, এবং যারা অভাবে ও ক্লেশে  
এবং যুদ্ধের সময় ধৈর্য ধারণ করে, এরাই তারা,  
যারা সত্যপরায়ণ এবং তারাই

মুত্তাকী”।

أَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

لَيْسَ الْبِرُّ أَنْ تُولُؤُوا وُجُوهَكُمْ قَبَلَ الشَّرْقِ وَ  
الْمَغْرِبِ وَلَكِنَّ الْبِرَّ مَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَ  
الْمَلَائِكَةِ وَالْكِتَابِ وَالنَّبِيِّينَ وَآتَى الْمَالَ عَلَى حُبِّهِ  
ذَوِي الْقُرْبَى وَالْيَتَامَى وَالْمَسْكِينِ وَابْنَ السَّبِيلِ  
وَالسَّائِلِينَ وَفِي الرِّقَابِ ۖ وَأَقَامَ الصَّلَاةَ وَ  
آتَى الزَّكَاةَ ۖ وَالْمُوفُونَ بِعَهْدِهِمْ إِذَا عَاهَدُوا ۖ  
وَالصَّابِرِينَ فِي الْبَأْسَاءِ وَالضَّرَّاءِ وَحِينَ الْبَأْسِ ۗ  
أُولَئِكَ الَّذِينَ صَدَقُوا ۖ وَأُولَئِكَ هُمُ الْمُتَّقُونَ ۝



(সূরা বাকারা ২ঃ ১৭৭)

# বছরের শ্রেষ্ঠ ১০ দিনের একটি দিন আরাফার দিন

যিলহাজ্জ মাসের প্রথম দশকে রয়েছে আরাফার দিন।

আয়িশা (রদিয়াল্লাহু আনহা) থেকে বর্ণিতঃ রসূল সল্লাল্লাহু  
'আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, 'আরাফার দিন আল্লাহ রব্বুল  
'আলামিন তার বান্দাদের এত অধিক সংখ্যক মানুষকে  
জাহান্নাম থেকে মুক্তি দেন যা অন্য দিনে দেন না।

তিনি এ দিনে বান্দাদের নিকটবর্তী হন ও তাদের নিয়ে  
ফেরেশতাদের কাছে গর্ব করে বলেনঃ তোমরা কি বলতে পার  
আমার এ বান্দাগণ আমার কাছে কি চায়?

(মুসলিম)



# আরাফা দিবসের সওম (হাজ্জরত নয় এমন ব্যক্তির জন্য)

আবু কাতাদা (রদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত, রসূল (সল্লাল্লাহু  
'আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন, 'আরাফা দিনের সওম আল্লাহ  
রব্বুল 'আলামীন **এক বছর আগের ও এক বছর পরের  
গুনাহের কাফফারা** হিসেবে গ্রহণ করে থাকেন'।

(মুসলিমঃ ১১৬৩, তিরমিজীঃ ৭৪৭)



# আরাফা দিবসের সওমঃ হাজ্জরত ব্যক্তির জন্য নয়

আহমাদ ইবনু মানী (রহ.) ও আলী ইবনু হুজুর (রহ.) ..... আবু নাজীহ (রহ.) হতে বর্ণিতঃ তিনি বলেন, ইবনু উমার (র.)কে আরাফার দিনে সিয়াম পালন করা সম্পর্কে জিজ্ঞাসা করা হয়েছিল। তিনি বলেন, আমি নাবী সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে হাজ্জ করেছি, তিনি সেদিন সিয়াম পালন করেননি;

আবু বাকর (র.) এর সঙ্গেও হাজ্জ পালন করেছি তিনিও ঐ সিয়াম পালন করেননি;

উমার (র.) এর সঙ্গেও হাজ্জ পালন করেছি তিনিও ঐ সিয়াম পালন করেননি;

উসমান (র.) এর সঙ্গেও হাজ্জ পালন করেছি তিনিও ঐ সিয়াম পালন করেননি।

আমি নিজেও এই সিয়াম পালন করিনা এবং কাউকে পালন করতে বলিও না এবং নিষেধও করিনা।

(তিরমিজীঃ ৭৫১, আল মাদানী প্রকাশনী)

# আরাফা দিবসের সওমঃ হাজ্জরত ব্যক্তির জন্য নয়

উম্মল ফাযল (রুদ্বিয়াল্লাহু আনহু) হতে বর্ণিতঃ বিদায় হাজ্জে কতিপয় লোক তার কাছে আরাফা দিবসে রসূল সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সওম নিয়ে বিতর্কে লিপ্ত হলেন। কেউ বললেন রসূল (স.) আজ সওম পালন করছেন, কেউ বললেন না, রসূল (স.) আজ সওম পালন করেননি।

উম্মল ফাযল (র.) রসূল (সল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের) এর জন্য এক পেয়ালা দুধ পাঠালেন।

তিনি তা পান করেন।

(আবু দাউদঃ ২১০৯, তা'লীক আলা ইবনু খুযাইমাহ, তিরমিযীঃ ৭৫০ আল মাদানী প্রকাশনী)

# যিলহাজ্জ মাসের ১০ম দিন ইয়াওমুন নহর

আব্দুল্লাহ ইবনে কুত (রদিয়াল্লাহু আনহু) থেকে বর্ণিতঃ  
রসূল (সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন,  
'আল্লাহ তা'য়ালার কাছে সবচেয়ে উত্তম দিন হল  
**ইয়াওমুন নহর (কুরবানীর দিন)**  
তারপর কুরবানী পরবর্তী মিনায় অবস্থানের দিনগুলো'।  
(আবু দাউদ)



# যিলহাজ্জ মাসের প্রথম ১০ দিনের সর্বোত্তম কাজ

যিলহাজ্জ মাসের প্রথম ১০ দিনের সর্বোত্তম পুণ্য কাজ হলো  
হাজ্জ ও উমরাহ পালন করা ।

আবু হুরাইরা (র.) হতে বর্ণিত, রসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,  
'এক উমরা হতে অপর উমরা পালন করার মধ্যবর্তী সময়ের মাঝে সকল গুনাহ  
মাফ হয়ে যায়, এবং হাজ্জে মাবরুর এর প্রতিদান জান্নাত ভিন্ন আর কিছুই নয়' ।  
(বুখারীঃ ১৭৭৩ এবং মুসলিমঃ ৩৩৫৫)

রসূল (সল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, 'যে ব্যক্তি আল্লাহর উদ্দেশে হাজ্জ  
করেছে এবং এতে কোন অশ্লীল কথা বলেনি বা অশ্লীল/অন্যায় কাজ করেনি,  
সে হাজ্জ হতে সেদিনের ন্যায় পাপমুক্ত হয়ে ফিরবে,  
যেদিন তার মা তাকে প্রসব করেছিল' ।  
(বুখারী এবং মুসলিম)

# যিলহাজ্জ মাসের প্রথম ১০ দিনের করণীয়

আব্দুল্লাহ ইবনে উমর (রদিয়াল্লাহু আনহু) থেকে বর্ণিত, রসূল (সল্লাল্লাহু  
'আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন,

‘এ দশ দিনে (পুণ্যকাজ) আমল করার চেয়ে আল্লাহ রব্বুল 'আলামিনের  
কাছে প্রিয় ও মহান কোন আমল নেই।

তোমরা এ সময়ে তাসবীহ, তাহমীদ, তাহলীল ও তাকবীর  
বেশী করে পাঠ কর’ ।

(মুসনাদে আহমদঃ ১৩২, বায়হাকী, মুসনাদ আবী আওয়ানা)

# তাসবীহ, তাহমীদ, তাহলীল ও তাকবীর

Rasulullah ﷺ bersabda yang maksudnya:

"Ucapan yang paling disukai oleh ALLAH ialah empat, iaitu:

سُبْحَانَ اللَّهِ

• Maha Suci ALLAH

الْحَمْدُ لِلَّهِ

• Segala Pujian Milik ALLAH

لَا إِلَهَ إِلَّا اللَّهُ

• Tiada Tuhan Selain ALLAH

اللَّهُ أَكْبَرُ

• ALLAH Maha Besar

Tiada masalah sekiranya kamu mulai dengan salah satu daripadanya dan diikuti dengan yang lainnya."

• HR Muslim 3/1685

✧ তাসবীহঃ সুব'হানাল্লাহ (আল্লাহ পবিত্রতম)

✧ তাহমীদঃ আল'হামদুলিল্লাহ (সকল প্রশংসা আল্লাহর)

✧ তাহলীলঃ লা- ইলাহা ইল্লাল্লাহ (আল্লাহ ব্যতীত  
কোন ইলাহ নেই)

✧ তাকবীরঃ আল্লাহু আকবর (আল্লাহ সর্বশ্রেষ্ঠ)

(পুরুষদের উচ্চস্বরে এবং মহিলাদের স্বাভাবিক স্বরে পাঠ করতে হবে)

রসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সল্লাম বলেছেন, 'আমার ইন্তেকালের পরে যে সুন্নাতটির মৃত্যু হয়েছে তা যে জীবিত করবে; সে ব্যক্তি এ সুন্নত আমলকারীদের সওয়াবের পরিমাণ সওয়াব পাবে এবং তাতে আমলকারীদের সওয়াবে কোন অংশ কম হবে না।'



- কুরবানী এমন একটি পুণ্য কাজ যা মানুষকে মহান আল্লাহ তায়া'লার সন্তুষ্টি ও নৈকট্য অর্জনে সহজ করে, যা যিলহাজ্জের প্রথম ১০ দিনের মধ্যেই অবস্থিত।
- মহান আল্লাহ বলেন, “আল্লাহর কাছে এগুলোর (জবাইকৃত জন্তুর) মাংস বা রক্ত পৌঁছায় না, বরং পৌঁছায় তোমাদের মনের তাকওয়া”। (সূরা হাজ্জ ২২ঃ ৩৭)
- কুরবানীর জন্য নির্ধারিত পশুর গলায় ছুরি চালাবার পূর্বে প্রয়োজন আমাদের অন্তরের পশুত্বকে প্রতিরোধ করা/কতল করা।
- একজন মুসলিমের একান্ত প্রয়োজন পশু কুরবানীর পাশাপাশি আল্লাহর রাস্তায় ত্যাগ স্বীকারে প্রস্তুতি (যার শতভাগই মহান মালিক কর্তৃক প্রদত্ত):
  - মূল্যবান সময়
  - জ্ঞান এবং মেধা
  - শক্তি এবং সামর্থ
  - মহামূল্যবান সম্পদ।

## পুণ্যদিনে পুণ্যকাজ

রসূল সল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, 'যে ব্যক্তি আল্লাহর রাস্তায় একদিন সওম পালন করবে, মহান আল্লাহ তার চেহারাকে দোষগ্ৰস্ত হতে ৭০ হাজার বৎসরের দূরত্বে সরিয়ে দিবেন'।

(বুখারীঃ ২৮৪০ এবং মুসলিমঃ ১১৫৩)

সোমবার ও বৃহস্পতিবারের সওমঃ আবু হুরায়রা (রাঃ) (রাঃ) থেকে বর্ণিতঃ রসূলুল্লাহ (সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) বলেন, “সোমবার ও বৃহস্পতিবার বান্দার আমল আল্লাহর দরবারে উপস্থাপন করা হয়। কাজেই আমি পছন্দ করি যখন আমার আমল পেশ করা হবে তখন আমি সওম অবস্থায় থাকব”।

(তিরমিযীঃ ৭২৫)

## তাকবীর-ই-তাশরীক

اللَّهُ أَكْبَرُ، اللَّهُ أَكْبَرُ  
لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبَرُ  
اللَّهُ أَكْبَرُ، وَلِلَّهِ الْحَمْدُ

আল্লাহু আকবর-আল্লাহু আকবর, লা- ইলাহা ইল্লাল্লাহ-ওয়া  
আল্লাহু আকবর-আল্লাহু আকবর, ওয়ালিল্লাহিল 'হামদ ।

(৯ যিলহাজ্জ ফজর হতে ১৩ যিলহাজ্জ আসর পর্যন্ত)



চুল, পশম, গৌফ, নখ ইত্যাদি কাটা বন্ধ করা

উম্মে সালামা (র.) থেকে বর্ণিত, রসূল (সল্লাল্লাহু  
'আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন,

‘যখন কেহ যিলহাজ্জ মাসের **নতুন চাঁদ দেখল** এবং  
**কুরবাণী করার নিয়ত করল**, সে যেন **কুরবাণী পর্যন্ত**  
তার চুল, পশম, গৌফ, নখ ইত্যাদি কাটা বা উপড়ানো  
বন্ধ করে’।

(মুসলিম)

# তাওবা

- তাওবা কি? তাওবা'র আভিধানিক অর্থ প্রত্যাবর্তন করা/ফিরে আসা।
  - শরীয়তের পরিভাষায় পাপ থেকে ফিরে আসা হলো তাওবা।
    - (১). শির্ক-কুফর ও সব ধরনের কবিরা গুনাহ চিহ্নিত করে
    - (২). গুনাহ থেকে দ্রুত বের হয়ে বা নিজেকে বিরত রেখে
    - (৩). গুনাহের শাস্তিকে ভয় করে
    - (৪). অনুতপ্ত হৃদয়ে, পূর্ববর্তী গুনাহের জন্য লজ্জিত হয়ে
    - (৫). পুনরায় ঐ গুনাহের কাজ না করার অঙ্গীকার করে
- মহান আল্লাহ তা'য়ালার কাছে ক্ষমা প্রার্থনা করা হলো তাওবা।

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

إِنَّ اللَّهَ يُحِبُّ التَّوَّابِينَ وَيُحِبُّ الْمُتَطَهِّرِينَ ﴿٣٣﴾

“...নিশ্চয়ই আল্লাহ তাওবাকারীদের  
ভালবাসেন এবং যারা পবিত্র থাকে  
তাদেরকেও ভালবাসেন” ।

(সূরা বাক্বারা ২ঃ ২২২)



# তাওবাঃ কুরআনের বাণী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا تَوْبُوا إِلَى اللَّهِ تَوْبَةً  
نَّصُوحًا ۚ عَسَىٰ رَبُّكُمْ أَن يُكَفِّرَ عَنْكُمُ سَيِّئَاتِكُمْ  
وَيُدْخِلَكُم جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ

‘হে মু’মিনগণ! তোমরা আল্লাহর নিকট তাওবা কর,  
**বিশুদ্ধ তাওবা**; সম্ভবত তোমাদের প্রতিপালক  
তোমাদের মন্দ কাজগুলো মোচন করে দেবেন এবং  
তোমাদের জান্নাতে প্রবেশ করাবেন..’।

(সূরা তাহরীম ৬৬ঃ ৮)

# তাওবা (যার জন্য প্রযোজ্য): কুরআনের বাণী

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

‘আল্লাহ অবশ্যই সে সব লোকের তাওবা কবুল করেন যারা ভুলবশত মন্দ কাজ করে ও অতি সত্বর তাওবা করে। সুতরাং আল্লাহ তাদেরকেই ক্ষমা করবেন। আল্লাহ মহাজ্ঞানী, প্রজ্ঞাময়।

(সূরা নিসা ৩ঃ ১৭)

إِنَّمَا التَّوْبَةُ عَلَى اللَّهِ لِلَّذِينَ يَعْمَلُونَ الشُّوْءَ  
بِجَهَالَةٍ ثُمَّ يَتُوبُونَ مِنْ قَرِيبٍ فَأُولَٰئِكَ  
يَتُوبُ اللَّهُ عَلَيْهِمْ وَكَانَ اللَّهُ عَلِيمًا حَكِيمًا ۝

তাওবা তাদের জন্য নয়, যারা আজীবন মন্দ কাজ করে, অবশেষে তাদের কারো মৃত্যু উপস্থিত হলে সে বলে, ‘আমি এখন তাওবা করছি এবং তাদের জন্যও নয় যাদের মৃত্যু হয় কাফির অবস্থায়। আমি তাদের জন্য যন্ত্রণাদায়ক শাস্তি প্রস্তুত করে রেখেছি।

(সূরা নিসা ৩ঃ ১৮)

وَلَيْسَتِ التَّوْبَةُ لِلَّذِينَ يَعْمَلُونَ السَّيِّئَاتِ  
حَتَّىٰ إِذَا حَضَرَ أَحَدَهُمُ الْمَوْتُ قَالَ إِنِّي تُبْتُ  
الْإِيمَانَ وَلَا الَّذِينَ يُمُوتُونَ وَهُمْ كَافِرًا ۖ أُولَٰئِكَ  
أَعْتَدْنَا لَهُمْ عَذَابًا أَلِيمًا ۝

# তাওবার গুরুত্ব


আবু হুরায়রা (র.) বলেন, আমি রসূল (সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) কে বলতে শুনেছি, 'নিশ্চয় আমি আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করি, আমি তাঁর কাছে দৈনিক সত্তরবারের বেশি তাওবা করি'।

(বুখারী)



আম্মার বিন ইয়াসার (র.) থেকে বর্ণিত, রসূলুল্লাহ (সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) বলেন, 'হে মানবজাতি তোমরা আল্লাহর কাছে তাওবা কর, আমি প্রতি দিন একশতবার তাওবা করি'।

(মুসলিম)





# তাওবাঃ আল্লাহ তা'য়ালার সন্তুষ্টির উপায়

আবু হামযা আনাস ইবনে মালেক (রদিয়াল্লাহু আনহু) থেকে বর্ণিত, রসূল (সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) বলেন, 'আল্লাহ তা'য়ালার তাঁর বান্দার তাওবা দ্বারা অতখানি খুশী হন, যতখানি খুশী হয় বিজন মরুতে হারিয়ে ফেলা উটের মালিক তার উট প্রাপ্তিতে'।

(বুখারীঃ ৬৩০৯, মুসলিমঃ ২৭৪৭)

রসূল (সল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম) বলেন, 'তুমি যদি এত অধিক পরিমান পাপ কাজ করে থাক যে, তা আকাশ সমান উঁচু হয়, এরপর অনুতাপের সাথে তাওবা কর, তবুও তোমার তাওবা কবুল হবে, প্রত্যাখ্যাত হবে না'।

(তিরমিজীঃ ৩৫৪০)

اللَّهُمَّ أَنْتَ رَبِّي ، لَا إِلَهَ إِلَّا أَنْتَ

O Allaah, you are my Lord.

There is none worthy of worship in truth except you

خَلَقْتَنِي وَأَنَا عَبْدُكَ

You created me and I am your slave

وَأَنَا عَلَى عَهْدِكَ وَوَعْدِكَ مَا اسْتَطَعْتُ

and I am abiding to Your covenant and promise as best as I can

أَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا صَنَعْتُ

I seek refuge in you from the evil that I have committed

أُبِوءُ لَكَ بِنِعْمَتِكَ عَلَيَّ

I acknowledge Your favors upon me

وَأُبِوءُ بِذُنُوبِي

and I confess to you my sins

فَاغْفِرْ لِي

so forgive me

فَإِنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ

verily no one forgives sins except you

সাইয়েদুল  
ইন্তিগফার

#1

THE BEST  
PRAYER  
TO SEEK  
FORGIVENESS!





# সাইয়েদুল ইস্তিগফার

“হে আল্লাহ! আপনি আমার প্রতিপালক, আপনি ছাড়া আর কোন হক্ক ইলাহ নেই।

আপনি আমাকে সৃষ্টি করেছেন এবং আমি আপনার বান্দা; আর আমি আমার সাধ্যমত আপনার অঙ্গীকার ও প্রতিশ্রুতির উপর রয়েছি।

আমি আপনার নিকট আশ্রয় প্রার্থনা করছি আমার কৃতকর্মের অনিষ্ট থেকে। আপনি আমাকে আপনার যে নিয়ামত দিয়েছেন তা আমি স্বীকার করছি, আর আমি স্বীকার করছি আমার অপরাধ। অতএব আপনি আমাকে ক্ষমা করুন। নিশ্চয়ই আপনি ছাড়া গুনাহসমূহ ক্ষমা করার কেউ নাই”।

اللَّهُمَّ أَنْتَ رَبِّي لَا إِلَهَ إِلَّا أَنْتَ خَلَقْتَنِي  
وَأَنَا عَبْدُكَ وَأَنَا عَلَى عَهْدِكَ وَوَعْدِكَ  
مَا اسْتَطَعْتُ أَعُوذُ بِكَ مِنْ شَرِّ مَا صَنَعْتُ  
أَبُوءُ لَكَ بِنِعْمَتِكَ عَلَيَّ وَأَبُوءُ بِذَنْبِي  
فَاغْفِرْ لِي فَإِنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ إِلَّا أَنْتَ

রসূল (স.) বলেছেন, ‘যে ব্যক্তি সকালবেলা অথবা সন্ধ্যাবেলা এটি (সাইয়েদুল ইস্তিগফার) অর্থ বুঝে দৃঢ় বিশ্বাসসহকারে পড়বে, সে ঐ দিনে অথবা রাতে মারা গেলে অবশ্যই জান্নাতে যাবে’।

(বুখারীঃ ৬৩০৬)

# একনজরেঃ যিলহাজ্জের প্রথম ১০ দিন, আমাদের করণীয়

- ✧ যিলহাজ্জের পূর্বেই শারীরিক পরিচ্ছন্নতা অর্জন করা (চুল, গোঁফ, নখ ও পশম কাটা)।
- ✧ ১-১০ যিলহাজ্জ তাসবীহ, তাহমীদ তাহলীল ও তাকবীর বেশি করে পাঠ করা।
- ✧ আরাফার দিন সওম পালন করা (হাজ্জরত ব্যক্তির জন্য নয়)।
- ✧ ১-৯ যিলহাজ্জ পর্যন্ত পুণ্যদিনের কারনে সওম পালন করা যেতে পারে।  
বিশেষকরে সোমবার ও বৃহস্পতিবার।
- ✧ ১০ যিলহাজ্জ কুরবাণী করা। সর্বোত্তম দিনের কারনে পুণ্যকাজে নিয়োজিত থাকা।
- ✧ ত্যাগস্বীকারে প্রস্তুতি গ্রহন (সময়, জ্ঞান ও মেধা, শক্তি ও সামর্থ্য এবং সম্পদ)।
- ✧ ৯ যিলহাজ্জ ফজর হতে ১৩ যিলহাজ্জ আসর পর্যন্ত তাকবীর-ই-তাশরীক পাঠ করা।
- ✧ আন্তরিকভাবে বিশুদ্ধ তাওবা করা।
- ✧ উল্লেখিত আমল ছাড়াও সলাত, সাদাকা ও অন্যান্য নেক আমলের প্রতি যত্নশীল হওয়া।



১লা যিলহাজ্জ ১৪৩৯ হিজরী, কবে আরম্ভ হচ্ছে?

১৩ আগস্ট, ২০১৮ সোমবার


অথবা

১৪ আগস্ট ২০১৮, মঙ্গলবার

আরবদেশে সমূহে তার একদিন পূর্বে

# Sources:

✧ কুরআনুল কারীম (বাংলা তাফসীর) । প্রফেসর ড. মুজিবুর রহমান



[www.quraneralo.com](http://www.quraneralo.com)

# আল'হামদুলিল্লাহ

বৈঠক শেষের কাফফারা

سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ أَشْهَدُ أَنْ لَا إِلَهَ إِلَّا أَنْتَ أَسْتَغْفِرُكَ وَأَتُوبُ إِلَيْكَ

সুবহা-নাকাল্লাহুম্মা ওয়াবিহামদিকা, আশহাদু আল্লা ইলাহা ইল্লা আনতা,  
আস্তাগফিরুকা, ওয়াআতুবু ইলাইক।

(আপনার পবিত্রতা বর্ণনা করছি হে আল্লাহ! আপনার প্রশংসার সাথে, আমি সাক্ষ্য দিচ্ছি যে, আপনি ছাড়া ইবাদতের কোন ইলাহ নেই, আমি আপনার নিকট ক্ষমা প্রার্থনা করছি এবং আপনার নিকট তাওবা করছি)।

# ফি

# সাবিলিল্লাহ

শুধুমাত্র আল্লাহ সুবহানাহু ওয়া  
তা'য়ালার সন্তুষ্টি অর্জনে,  
প্রজেন্টেশনটি সম্পূর্ণ বিনামূল্যে  
বিতরণ করতে পারবেন।



অনিচ্ছাকৃত কোন ভুল সম্পূর্ণ আমার অযোগ্যতা, অক্ষমতা এবং  
অদক্ষতা- আল্লাহ সুবহানাহু ওয়া তা'য়ালার আমাকে ক্ষমা করুন।  
মুসলিম ভাই-বোনেরা এই প্রচেষ্টা হতে উপকৃত হলে, আমার জন্য,  
আমার পরিবারের জন্য এবং কুরআন ক্লাশ ৭৩ এর সবার জন্য  
দু'আ করবেন।

হে আল্লাহ! যতদিন আমাকে বাঁচিয়ে রাখবেন, ইসলামের উপর  
বাঁচিয়ে রাখুন এবং পরিপূর্ণ মুসলিম হওয়ার পর ঈমানের সাথে মৃত্যু  
দান করুন।

(আমীন)

**Quran  
class**  
a project of  
Quran Teaching, Research & Training Centre